

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল- ১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা- ১০০০
www.ccie.gov.bd

স্মারক নং: ২৬.০৩.০০০০.০০২.৫৬.০৬৪.২৩-১৩০৩

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪৩০
১৪ মে, ২০২৩

কোটেশন আহ্বান বিজ্ঞপ্তি

০১	মন্ত্রণালয়/বিভাগ	বাণিজ্য মন্ত্রণালয়
০২	সংগ্রহকারী দপ্তরের নাম	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
০৩	দরপত্র নং	২৬.০৩.০০০০.০০২.৫৬.০৬৪.২৩-১৩০৩; তারিখঃ ১৪ মে, ২০২৩
০৪	সংগ্রহ পদ্ধতি	RFQM/ কোটেশন পদ্ধতি (পণ্য ও সংশ্লিষ্ট সেবা)
০৫	বাজেট ও অর্থের উৎস	রাজস্ব খাত
০৬	কাজের নাম	অফিস স্টেশনারী পণ্যসমূহ ক্রয়
০৭	দরপত্র প্রকাশের তারিখ	১৪/০৫/২০২৩ তারিখ (দুপুর ১২.০০ টা)
০৮	দরপত্র সিডিউল বিতরণের স্থান	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল- ১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
০৯	দরপত্র সিডিউল বিতরণের তারিখ ও সময়	১৪/০৫/২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা হতে।
১০	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	২১/০৫/২০২৩ তারিখ দুপুর ১১.৫৯ টা পর্যন্ত।
১১	দরপত্র খোলার তারিখ ও সময়	২১/০৫/২০২৩ তারিখ দুপুর ১২.৩০ টা।
১২	দরপত্র আহ্বানকারী অফিসের নাম ও ঠিকানা	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল- ১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
১৩	দরপত্র গ্রহণকারীর দপ্তর	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
১৪	দরপত্র খোলার দপ্তর	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
১৫	দরদাতার যোগ্যতা	পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং সংশ্লিষ্ট পণ্যের জন্য প্রস্তুতকৃত কোটেশন দলিলে উল্লিখিত যোগ্যতা।
১৬	সংগৃহীত মালামালের বিবরণ	কোটেশন সিডিউল মোতাবেক।
১৭	দরপত্র আহ্বানকারীর কর্মকর্তার নাম ও পদবী	মোঃ তারিকুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক।
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল- ১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা- ১০০০। ফোনঃ ০২-৪১০৫০৫৩৬

কোটেশনকারের প্রতি বিশেষ নির্দেশাবলি:

- ১) অত্র কোটেশন পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর সকল বিধি-বিধান অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম পরিচালনা করা হবে।
- ২) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা কোন দরপত্রের অংশ বিশেষ/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং দরপত্র উন্মুক্তের দিন কোন দরপত্র সিডিউল সরবরাহ করা হবে না।
- ৩) দাখিলকৃত দরপত্রে সিডিউল অনুযায়ী লিস্টে উল্লিখিত অফিস স্টেশনারী পণ্যসমূহ ক্রয় একক মূল্য আলাদা আলাদা করে দিয়ে মোট মূল্য সুস্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের সীলসহ স্বাক্ষর থাকতে হবে এবং প্রতিষ্ঠানের লেটার প্যাডে নির্দিষ্ট ফরমেটে আবেদন করতে হবে। দাখিলকৃত দরপত্রের খামের ওপরে "কোটেশন" উল্লেখপূর্বক কোটেশনের বিষয়, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, হালনাগাদ আয়কর সনদপত্র, ব্যাংক

Handwritten signature

সলভেপ্সি, টিআইএন সনদ সার্টিফিকেটের ফটোকপি দাখিল করতে হবে।


৪) যদি কোন দরপত্রে অসত্য/ভুল তথ্য অথবা জাল সার্টিফিকেট দাখিল করেন তাহলে কোটেশন বাতিল বলে গণ্য হবে।

৫) কর্তৃপক্ষ সিডিউলে বর্ণিত পণ্যের পরিমাণ কম/বৃদ্ধি করে ক্রয়াদেশ দিতে পারবেন।

৬) ক্রয়াদেশ প্রাপ্তির পর ১০ (দশ) দিনের মধ্যে ক্রয়াদেশ অনুযায়ী অফিস স্টেশনারীর পণ্যসমূহ সরবরাহ করতে হবে। সরবরাহকৃত পণ্যসমূহ ত্রুটিপূর্ণ হলে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক তা পুনরায় নিজ খরচে প্রয়োজনবোধে নতুনভাবে সরবরাহ করতে হবে।

৭) সরবরাহকৃত পণ্যসমূহ উন্নতমানের হতে হবে। বিল থেকে সরকার কর্তৃক নির্ধারিত সব ধরণের ভ্যাট, ট্যাক্স এবং অন্যান্য কর্তনযোগ্য অর্থ কর্তন করা হবে।

৮) কোন প্রতিষ্ঠান একই কাজের জন্য একাধিক টেন্ডার দাখিল করলে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।



মোঃ তারিকুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

ফোন: ০২-৪১০৫০৫৩৬

ইমেইল: ac1.ho@ccie.gov.bd

স্মারক নং: ২৬.০৩.০০০০.০০২.৫৬.০৬৪.২৩-১৩০৩ (১-৪)

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪৩০
১৪ মে, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। নির্বাহী অফিসার-১, শাখা-২, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ);

২। নির্বাহী অফিসার-৪, শাখা-২, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);

৩। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। অফিস কপি।



মোঃ তারিকুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

ফোন: ০২-৪১০৫০৫৩৬

ইমেইল: ac1.ho@ccie.gov.bd